**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 27-03-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা জানিয়েছেন রাজ্যে নগর এলাকায় পরিকাঠামো উন্নয়নের জন্য কেন্দ্রীয় অর্থ মন্ত্রক ২৪০ কোটি ৫০ লক্ষ টাকা মঞ্জুর করেছে ।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা জানিয়েছেন, রাজ্যে এখন পর্যন্ত বিভিন্ন প্রকল্পে মোট ৭ লক্ষ ৮২ হাজার ১৬৯ পরিবারে পাইপ লাইনের মাধ্যমে বিশুদ্ধ পানীয় জল পৌঁছে দেয়া সম্ভব হয়েছে ।**

**(৩) কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহ ঘোষণা করেছেন যে সরকার উবার এবং ওলার আদলে সমবায় পরিচালিত 'সহকার' ট্যাক্সি চালু করবে ।**

**(৪) টিসিএ পরিচালিত তপন স্মৃতি ঘরোয়া নকআউট ক্রিকেট প্রতিযোগিতা আগামীকাল থেকে শুরু হচ্ছে ।**

****************************************

**CM–Fund :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ জানিয়েছেন রাজ্যে নগর এলাকায় পরিকাঠামো উন্নয়নের জন্য কেন্দ্রীয় অর্থ মন্ত্রক ২৪০ কোটি ৫০ লক্ষ টাকা মঞ্জুর করেছে। এই অর্থ রাজ্যের ২০টি পুর সংস্থার উন্নয়নের কাজে ব্যয় করা হবে। তিনি জানান, এই অর্থ পুর এলাকায় পানীয় জল, বন্যা মোকাবিলা, সিসিটিভি স্থাপন, অঙ্গনওয়াড়ি সেন্টারের পরিকাঠামো উন্নয়ন নদী বন্ধ সংস্কার সহ আরো কিছু উন্নয়নমূলক কাজে ব্যয় করা হবে।

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * *

**Grant for Rural Bodies :**

কেন্দ্রীয় সরকার ২০২৪-২৫ অর্থবর্ষের জন্য ত্রিপুরা এবং কর্ণাটককে গ্রামীণ স্থানীয় সংস্থাগুলির জন্য পঞ্চদশ অর্থ কমিশনের অনুদানের দ্বিতীয় কিস্তি প্রদান করেছে। এক বিবৃতিতে, পঞ্চায়েতি রাজ মন্ত্রক জানিয়েছে যে ত্রিপুরায় ৩১ কোটি টাকারও বেশি অনুদান বরাদ্দ করা হয়েছে, যার ফলে ৫৮৯টি যোগ্য গ্রাম পঞ্চায়েত, সমস্ত ব্লক পঞ্চায়েত, জেলা পঞ্চায়েত এবং ঐতিহ্যবাহী স্থানীয় সংস্থা উপকৃত হয়েছে। এতে বলা হয়েছে যে রাজ্যজুড়ে গ্রামীণ স্থানীয় সংস্থাগুলিকে সহায়তা করে গ্রাম পঞ্চায়েতগুলিকে ৪০০ কোটি টাকারও বেশি অনুদান প্রদান করা হয়েছে। মন্ত্রক উল্লেখ করেছে যে এই তহবিল বিতরণ সম্পদের বিকেন্দ্রীকরণ এবং স্থানীয় সরকারগুলিকে ক্ষমতায়নের দিকে একটি উল্লেখযোগ্য পদক্ষেপ।

*************************

**Assembly-Drinking Water :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ বিধানসভায় জানিয়েছেন, রাজ্যে এখন পর্যন্ত অটল জল ধারা, জল জীবন মিশন, AMRUT 20 এবং ADB Project-এর আওতায় মোট ৭ লক্ষ ৮২ হাজার ১৬৯ পরিবারে পাইপ লাইনের মাধ্যমে বিশুদ্ধ পানীয় জল পৌছে দেয়া সম্ভব হয়েছে। রাজ্যে বিভিন্ন পানীয় জলের উৎস স্থাপনের মাধ্যমে এখন পর্যন্ত গ্রামীন এলাকায় ৮৫ দশমিক তিন চার শতাংশ এবং শহর এলাকায় ৬৪ দশমিক ছয় চার শতাংশ পরিবারে পাইপ লাইনের মাধ্যমে পাণীয় জল সরবরাহ করা হচ্ছে। তিনি জানান, বর্তমানে পাইপলাইনের মাধ্যমে গ্রামীণ এলাকায় ১ লক্ষ ১০ হাজার ৬৯টি পরিবারে এবং শহর এলাকায় ৭৭ হাজার ৩৬৩টি পরিবারে পানীয় জল পৌঁছেনি।

*****************************

**Biplab Kumar Deb-L.S :**

সাংসদ বিপ্লব কুমার দেব রাজ্যে উচ্চ-শিক্ষা ক্ষেত্রে আরও সুযোগ সম্প্রসারণের লক্ষ্যে আই.আই.এম এবং আই.আই.টি স্থাপনের জন্য আজ

লোকসভায় কেন্দ্রীয় সরকারের কাছে দাবি উত্থাপন করেন। শ্রী দেব বলেন, এই ধরনের শিক্ষা প্রতিষ্ঠান ত্রিপুরায় স্থাপন করা হলে স্থানীয় মানুষদের কর্মসংস্থানেরও সুযোগ বাড়বে।

#########Byte- Biplab Kumar Deb########

*************************************

**JITENDRA CHOWDHURY LOP :**

সিপিআই(এম) বিধায়কদের বিধানসভার অধিবেশনে ফিরে আসার জন্য মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহার আহ্বানকে স্বাগত জানিয়েছেন বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী। আজ বিধানসভা ভবনে বিরোধী দলনেতার কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে শ্রী চৌধুরী অভিযোগ করেন মুখ্যমন্ত্রীর এই অনুরোধ মানা সম্ভব নয়। কারণ রাজ্যে গনতন্ত্র নেই, বিধানসভাতেও গনতন্ত্র নেই। সভার নেতা হিসাবে মুখ্যমন্ত্রী সভায় ট্রেজারী বেঞ্চের সদস্যদের নিয়ন্ত্রন করতে পারেন নি বলে তিনি অভিযোগ করেন।

বিরোধী দলনেতা শ্রী চৌধুরী আরো অভিযোগ করেন, বিধানসভা অধিবেশনে পরিষদীয় মন্ত্রী স্বাধিকার ভঙ্গের যে নোটিশ দিয়েছেন তা বিধানসভার রুলস মেনে দেওয়া হয় নি। এবিষয়ে অধ্যক্ষের কাছে প্রতিকার চাওয়া হয়েছে বলে শ্রী চৌধুরী জানান।

*********************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**Sahkar Taxi :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহ ঘোষণা করেছেন যে সরকার উবার এবং ওলার আদলে সমবায় পরিচালিত 'সহকার' ট্যাক্সি চালু করবে। আজ লোকসভায় শ্রী শাহ বলেন যে এই উদ্যোগটি সহকার সে সমৃদ্ধি বা সমবায়ের মাধ্যমে সমৃদ্ধি এই ভাবনার সঙ্গে সঙ্গতিপূর্ণ। তিনি উল্লেখ করেন যে কয়েক মাসের মধ্যে একটি খুব বড় সমবায় ট্যাক্সি পরিষেবা শুরু হবে, যেখানে দ্বিচক্র যান, ট্যাক্সি, রিকশা এবং চার চাকার গাড়ির নিবন্ধন সম্ভব হবে এবং লাভ সরাসরি চালকের কাছে যাবে। শ্রী শাহ জোর দিয়ে বলেন যে "সহকার সে সমৃদ্ধি" কেবল একটি স্লোগান নয়, এবং গত সাড়ে তিন বছর ধরে সমবায় মন্ত্রক এটি বাস্তবায়নের জন্য দিনরাত কাজ করেছে। তিনি আরও বলেন যে শীঘ্রই একটি সমবায় বীমা সংস্থা গঠন হতে চলেছে, যা দেশের সমবায় ব্যবস্থার মধ্যে বীমা পরিচালনা করবে।

**************************

**Ashwini Vaishnaw :**

বৈদ্যুতিন এবং তথ্য প্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো বলেছেন যে ভারত আজ বিশ্বের দ্বিতীয় বৃহত্তম 5G বাজারে পরিণত হয়েছে। আজ নতুনদিল্লিতে এক অনুষ্ঠানে তিনি বলেন যে সরকারের উদ্যোগে বিভিন্ন ক্ষেত্র মৌলিকভাবে রূপান্তরিত হচ্ছে এবং বিভিন্ন ক্ষেত্রে প্রায় ১১ লক্ষ কোটি টাকার বিনিয়োগ করা হচ্ছে। তিনি জানান ভারতীয় রেলপথ এই বছর ১.৬ বিলিয়ন টন পণ্য পরিবহনের মাধ্যমে দ্বিতীয় বৃহত্তম পরিবহনকারী হয়ে উঠেছে এবং বন্দরগুলিও অসাধারণ গতিতে বৃদ্ধি পাচ্ছে।

#######Byte-Ashwini Vaishnaw#######

শ্রী বৈষ্ণব বলেন যে সমগ্র দক্ষিণের পাশাপাশি ধনী দেশগুলি ভারতের ইউপিআই পেমেন্ট সিস্টেম গ্রহণ করতে ইচ্ছুক। তিনি আরও ঘোষণা করেন যে এই বছর ভারত প্রথম 'মেড ইন ইন্ডিয়া' চিপ চালু করার পরিকল্পনা করছে।

**************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩০শে মার্চ রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১২০তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। জনগনের পরামর্শ এমাসের ২৮ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

****************************

**BSF ADG Gandhi :**

বিএসএফের এডিজি রবি গান্ধী পশ্চিম জেলার ভাগলপুর, নরসিংগড়, বামুটিয়া ও কলকলিয়া সীমান্তবর্তী এলাকার গ্রামবাসীদের সঙ্গে গতকাল মতবিনিময় করেন। বিএসএফের শালবাগান সদর দপ্তর জানিয়েছে, গতকাল এ.ডি.জি-র সঙ্গে মতবিনিময়ে গ্রামবাসীরা জানিয়েছেন, বিএসএফের সক্রিয় প্রচেষ্টার ফলে সীমান্তে অপরাধ উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে। তাছাড়া সীমান্তবর্তী এলাকায় আলো এবং গেট ব্যবস্থাপনা সহ গুরুত্বপূর্ণ বেশকিছু উদ্যোগের ফলে তাদের জীবনযাত্রার মান উন্নত হয়েছে বলে গ্রামবাসীরা জানান। এডিজি শ্রী গান্ধী আশ্বাস দেন সীমান্তবর্তী গ্রামবাসীদের জন্য বি.এস.এফের উদ্যোগে স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হবে। তিনি যুবকদের

বিএসএফ-এ যোগ দিতে উৎসাহ দেন। এর জন্য তাদের প্রস্তুতিতে সহায়তা করার জন্য বিশেষ প্রশিক্ষণ কর্মসূচি এবং দক্ষতা উন্নয়ন শিবির করার কথাও ঘোষণা করেন এডিজি শ্রী গান্ধী।

*********************************

**Holy Baruni Deep :**

রাজ্যের বিভিন্ন নদী ও জলাশয়ে আজ বারুণী স্নানে বহু পুন্যার্থী পুন্য অবগাহন করেন। চৈত্র মাসের কৃষ্ণা ত্রয়োদশী তিথিতে বারুনি স্নান হয়। আগরতলা শহর সংলগ্ন প্রতাপগড় ,আড়ালিয়া পঞ্চবটী এলাকায়, দশমীঘাটের হাওড়া নদীতে পুন্যার্থীরা অবগাহন করেন। তাছাড়া, উনকোটি জেলার কৈলাসহরের শ্রীরামপুর, কুমারঘাটের হালাইমুড়ার মনু ও দেও নদীতে বারুনি স্নান ও মেলার আয়োজন হয়।

********************************

**World Drama Day :**

শিল্পতীর্থের উদ্যোগে আজ পালিত হল বিশ্ব নাট্য দিবস। এই উপলক্ষে প্যারাডাইস চৌমুহনী থেকে রবীন্দ্রভবন পর্যন্ত এক পদযাত্রা সংগঠিত হয়। তাছাড়া আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবন প্রাঙ্গণে বিশ্ব নাট্য দিবস উপলক্ষে এক আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন বিশিষ্ট নাট্য শিল্পী সঞ্জয় কর, সমীর দত্ত ও শিল্প তীর্থের সভাপতি কার্তিক বণিক। অনুষ্ঠানে বিশিষ্ট নাট্য শিল্পী পীযূষ কান্তি রায়কে নাট্য সম্মাননা ২০২৫ প্রদান করা হয়।

*****************************

**Upcoming Idd :**

আসন্ন পবিত্র ঈদুল ফিতর'কে সামনে রেখে কৈলাশহরের বাজারগুলোতে কেনা-কাটা বাড়ছে। বিশেষ করে, কাপড়ের দোকান, মনোহারী দোকানগুলোতে ক্রেতাদের ভিড় লক্ষ্য করা যাচ্ছে। পবিত্র রমজান মাসে ইফতার সামগ্রী বিলি, বস্ত্রদান করা হচ্ছে। আজ কৈলাশহরের টিলাবাজারে

এক বস্ত্রদান কর্মসূচিতে প্রায় ছয়শো জন'কে শাড়ি, ধুতি ও লুঙ্গি দেওয়া হয়। উপস্থিত ছিলেন, কৈলাশহরের S.D.M প্রদীপ সরকার, সমাজসেবী গিয়াস উদ্দিন আহমেদ প্রমুখ।

****************************

**Assembly-Municipality :**

আগরতলা পুর নিগমের কর্পোরেটর সহ রাজ্যের বিভিন্ন পুর সংস্থায় কাউন্সিলারদের সাম্মানিক ভাতা বৃদ্ধির জন্য রাজ্য সরকারের পরিকল্পনা রয়েছে। আজ বিধানসভায় বিধায়ক দীপক মজুমদারের এক প্রশ্নের উত্তরে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা এ সংবাদ জানিয়েছেন। তিনি জানান, পুর সংস্থার চেয়ারম্যান এবং ভাইস চেয়ারম্যানদেরও সাম্মানিক ভাতা বৃদ্ধির জন্য সরকারের পরিকল্পনা রয়েছে।

***************************

**Knockout Cricket :**

টিসিএ পরিচালিত তপন স্মৃতি ঘরোয়া নকআউট ক্রিকেট প্রতিযোগিতা আগামীকাল থেকে শুরু হচ্ছে। ১৪টি ক্লাব দল এই আসরে অংশ নিয়েছে। আগামী ১০ এপ্রিল আসরের ফাইনাল খেলটি হবে। টিসিএ সচিব সুব্রত দে এখবর জানান।

*************************

**Football :**

আসাম রাইফেলস সেন্টিনাল ফুটবলের মেয়েদের বিভাগে ত্রিপুরা দল রানার্স হয়েছে। শিলং-এ আজ আসরের ফাইনালে ডি জি আর দলের কাছে ৬-০ গোলে রাজ্যদল পরাজিত হয়। রানার্স হওয়ার সুবাদে রাজ্যদল ট্রফি সহ ৩ লক্ষ টাকা প্রাইজমানি পেয়েছে।

*****************************

**Weather :**

আগামীকাল আকাশ পরিস্কার থাকবে। সকালে হালকা কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫.৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২২.২ ডিগ্রি সেলসিয়াস।

************************